

**প্রেস বিজ্ঞপ্তি**  
**ঘরে বসেই নৌযানের সার্ভে সনদ**

ঢাকা, ১১ সেপ্টেম্বর;

ঘরে বসেই অনলাইনে আবেদনের মাধ্যমে নৌযানের সার্ভে সনদ পাওয়া যাবে। 'ডিজিটাল বাংলাদেশ' বাস্তবায়নের অংশ হিসেবে দ্রুত সেবা প্রদান ও সহজিকরণের লক্ষ্যে কাজ করছে নৌপরিবহণ অধিদপ্তর। আগে ম্যানুয়াল পদ্ধতিতে অভ্যন্তরীণ নৌযান সার্ভের জন্য একজন নৌযান মালিককে অনেক ভোগান্তি পোহাতে হতো। অনলাইন সেবা কার্যক্রম চালু হলে ম্যানুয়াল পদ্ধতির সেবাগুলো অনলাইনে সম্পন্ন করা যাবে।


অনলাইন সেবা কার্যক্রম চালু হলে একজন নৌযান মালিক তার নৌযান সার্ভের লক্ষ্যে নৌপরিবহণ অধিদপ্তরের ওয়েবসাইট [www.dos.gov.bd](http://www.dos.gov.bd)-এ গিয়ে 'অনলাইনে আবেদন' অংশে ক্লিক করে নিবন্ধনভুক্ত হবেন। এরপর জাহাজ মালিক অনলাইন আবেদন ফরমটি পূরণ করে তার পছন্দ মোতাবেক সার্ভেয়ারের নিকট সাবমিট করবেন এবং পূরণকৃত আবেদনের একটি কপি প্রিন্ট করে তাতে স্বাক্ষর দিয়ে আনুষংগিক কাগজপত্রসহ সার্ভে অফিসে জমা দিবেন। নৌযানটি সরেজমিনে সার্ভের পর সংশ্লিষ্ট সার্ভেয়ার উক্ত আবেদনের 'সার্ভেয়ারের জন্য প্রযোজ্য' অংশটি পূরণ করে প্রধান কার্যালয়ে সাবমিট করবেন। প্রধান কার্যালয়ে আবেদনটি পাওয়ার পর প্রথমে 'অপারেটর' অনলাইন আবেদনটি যথাযথ আছে কিনা তা যাচাই বাছাই করে সঠিক পেলে দ্বিতীয় পর্যায়ে 'চীফ ইন্সপেক্টর' এর নিকট সাবমিট করবেন। চীফ ইন্সপেক্টর আবেদনটি পরীক্ষা করে যথাযথ পেলে তৃতীয় পর্যায়ে 'চীফ ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার' বরাবর সাবমিট করবেন। চীফ ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার আবেদনটি যথাযথ পেলে 'মহাপরিচালক' বরাবর সাবমিট করবেন। মহাপরিচালক স্বয়ংক্রিয়ভাবে তৈরি আলোচ্য নৌযানটির সার্ভে সনদের নির্ধারিত স্থানে অনুমোদন প্রদান এবং সাবমিট করলে সার্ভে সনদটি স্বাক্ষরসহ আবেদনকারীর নিকট ফেরৎ যাবে এবং তিনি সাথে সাথে মোবাইল মেসেজের মাধ্যমে বিষয়টি জানতে পারবেন। সবশেষে আবেদনকারি ঘরে বসে তার নৌযানের সার্ভে সনদটি প্রিন্ট করে প্রয়োজনীয় কার্যাদি সম্পন্ন করতে পারবেন।

বর্তমান সরকার জনগণের দুর্ভোগ দূরীকরণ, সকল দপ্তর/সংস্থার কাজে স্বচ্ছতা, জবাবদিহিতা ও দুর্নীতি মুক্ত ডিজিটাল বাংলাদেশ গড়ার মানসে সেবাসমূহ জনগণের দোরগোড়ায় নিয়ে যাওয়ার লক্ষ্যে ইতিমধ্যে সরকারী সকল প্রতিষ্ঠানে ই-নথির প্রবর্তন এবং সকল অফিস আদালতে অনলাইন সার্ভিস চালু করার জন্য যে মহতী উদ্যোগ গ্রহণ করেছে তারই ধারাবাহিকতায় নৌপরিবহণ অধিদপ্তর ইতিমধ্যে ম্যানুয়াল পদ্ধতির পরিবর্তে অনলাইনে সকল প্রকার পরীক্ষার আবেদনপত্র ও ফিস গ্রহণ, সকল শ্রেণির অনলাইন ডিজিটাল কম্পিউটার সনদ প্রদান, অনলাইন ভেরিফিকেশন, অনলাইন ডস (DOS) রেজিস্ট্রেশন, অনলাইন সীম্যানস আইডি(SID) প্রবর্তন করেছে। এর ফলে সমুদ্রগামী জাহাজে কর্মরত নাবিকরা পৃথিবীর যে কোন প্রান্তে বসে তাদের সনদসমূহ ভেরিফিকেশন করতে পারছে, ফলশ্রুতিতে বিভিন্ন পোতাশ্রয় ও বিমান বন্দরে বাংলাদেশ নাবিকদের হয়রানি বন্ধ হয়েছে। নৌ পরিবহণ অধিদপ্তর ইতিপূর্বে যে সকল অনলাইন সেবা চালু করেছিল সেগুলোর বেশীর ভাগই ছিল আন্তর্জাতিক শিপিং সংশ্লিষ্ট।

নৌপরিবহণ অধিদপ্তর হতে অভ্যন্তরীণ শিপিং সংশ্লিষ্ট যে সকল অনলাইন সেবা প্রদান করা হবে তার মধ্যে প্রধানতঃ নৌযান সার্ভের জন্য আবেদন, রেজিস্ট্রেশনের জন্য আবেদন, নতুন নামকরণের ছাড়পত্রের আবেদন, মালিকানা পরিবর্তন সংক্রান্ত আবেদন, ভয়েজ লাইসেন্স, নকশা অনুমোদনের জন্য আবেদন, টাঙ্ক নম্বরের জন্য আবেদন, প্রভৃতি।

উল্লেখ্য, ম্যানুয়াল পদ্ধতিতে অভ্যন্তরীণ নৌযান সার্ভের জন্য একজন নৌযান মালিককে নির্ধারিত ফরম সংগ্রহ করে তা পূরণ করতঃ বিভিন্ন দপ্তরে দেয় নির্ধারিত ফি প্রদানের পাশাপাশি ডকুমেন্টসমূহ সার্ভে অফিসে জমা দিয়ে সরেজমিনে নৌযানটি সার্ভের জন্য উপস্থাপন করতে হতো। সার্ভে সম্পন্ন হওয়ার পর নৌযানটি পরিচালনার জন্য ৪৫ দিনের সাময়িক চলাচলের মেয়াদ সম্বলিত একটি টোকেন জারী করা হতো। টোকেন জারীর পাশাপাশি সার্ভে অফিস থেকে সার্ভে ঘোষণাপত্রের কপি নৌ পরিবহণ অধিদপ্তরের প্রধান কার্যালয়ে ডাক মারফত প্রেরণ করা হতো। অধিদপ্তর ঘোষণাপত্রটি যাচাই বাছাই করে সঠিক পেলে নৌযানটি পরিচালনার নিমিত্তে সার্ভেয়ারের সুপারিশ মোতাবেক ১(এক) বছর মেয়াদী চলাচলের মেয়াদ সম্বলিত সার্ভে (ফিটনেস) সনদ জারী করতো।

নৌ পরিবহণ মন্ত্রণালয়ের আওতায় নৌ পরিবহণ অধিদপ্তরে অনলাইন সেবা কার্যক্রম পূর্ণাঙ্গভাবে চালু করার লক্ষ্যে ১২ সেপ্টেম্বর ঢাকায় বিআইডব্লিউটিএ'র মিলনায়তনে অনলাইন সেবা কার্যক্রমের উদ্বোধন করবেন নৌ পরিবহণ মন্ত্রী শাজাহান খান, এমপি। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন নৌ পরিবহণ মন্ত্রণালয়ের সচিব মোঃ আবদুস সামাদ। সভাপতিত্ব করবেন নৌ পরিবহণ অধিদপ্তরের মহাপরিচালক কমডোর সৈয়দ আরিফুল ইসলাম।

  
(মোঃ জাহাঙ্গীর আলম খান)  
সিনিয়র তথ্য ও জনসংযোগ কর্মকর্তা  
নৌপরিবহণ মন্ত্রণালয়  
০১৭১১৪২৫৩৬৪  
[jahangirpro66@gmail.com](mailto:jahangirpro66@gmail.com)